149

দৈনিক ইনকিলাব

তারিখ ... MAY 9 1999
পৃষ্ঠা 12 কলাম 7

সুজন হত্যা ঃ ক্যাম্পাসে বিক্ষোভ

## শেখ হাসিনার আমলে ছাত্র দলের আড়াইশ' নেতা-কর্মীকে হত্যা করা হয়েছে

স্টাফ রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্রদল নেতা সুজন হত্যাকাণ্ডের প্রতিবাদে ছাত্রদল গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করেছে। কলাভবন এলাকায় বিক্ষোভ মিছিল শেষে অপরাজেয় বাংলায় অনুষ্ঠিত সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলেছেন, শেখ হাসিনা ক্ষমতায় আসার পর গত তিন বছরে প্রায় আড়াইশ' জন ছাত্রদল নেতা-কর্মীকে হত্যা করা হয়েছে। ছাত্র লীগ সন্ত্রাসীরা এবার পুরনো ঢাকায় ছাত্রদল নেতা সুজন আহমদ মাইকেলকে নৃশংসভাবে হত্যা করেছে। নেতৃবৃন্দ অবিলম্বে সুজন হত্যাকারীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার দাবী জানান। ছাত্রদল সহ-সভাপতি তরিকুল ইসলাম বনির সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের নেতা রফিক শিকদার, হাসান জাকির তুহিন, মনির হোসেন, তকদীর হোসেন স্বপন, আবসার আলী খান জয়, আবদুল বারী ড্যানী, শামসুজ্জামান মেহেদী, মুস্তাফিজুল ইসলাম মামুন, আসাদুজ্জামান আসাদ প্রমুখ। নেতৃবৃন্দ বলেন, শেখ হাসিনা দেশকে আজ খুনীদের জল্লাদভূমিতে পরিণত করেছেন। পুলিশ আজ আওয়ামী নেতা-কর্মীদের পাহারাদার সেজে বিরোধী দলীয় নেতা-কর্মীদের দমনে মেতে উঠেছে। স্বরাষ্ট্রমন্ত্রীর ইঙ্গিতে সন্ত্রাস হচ্ছে, জহুরুল হক হল দখল-পাল্টা দখল চলছে; ক্যাম্পাসে সন্ত্রাস সত্ত্বেও ছাত্র লীগ নেতা-কর্মীদের বিচার হচ্ছে না। বক্তাগণ শেখ হাসিনা সরকারের পতনের জন্য ছাত্র সমাজকে দুর্বার আন্দোলনে ঝাঁপিয়ে পড়ার আহ্বান জানান।